

পরিবার পত্র

প্রিয় ছাত্র/ছাত্রী বন্ধুরা এবং পরিবার পরিজনো,

অধ্যায় ৫-এ আমরা শিখব রৈখিক সম্পর্ক সম্বন্ধে — যেখানে একটি চলরাশির বদল অন্য একটি চলরাশির মধ্যে নির্দিষ্ট পরিমাণের বদল ঘটায়। ক্লাসে আমরা পরিস্থিতির ব্যাখ্যা করব, পরিস্থিতি অনুযায়ী তথ্যের জন্য সারণি তৈরী করব, তার লেখচিত্র আঁকব, এবং সম্পর্ক বোঝাতে রৈখিক সমীকরণ তৈরী করব। নিচে আমরা যে রকম সমস্যা নিয়ে কাজ করব তার একটি ছোট উদাহরণ দেওয়া হল। এই অধ্যায় শুরু করার আগে দেখুন আপনারা এই সমস্যার কোনো অংশের সমাধান করতে পারেন কিনা।

তিনটি ফোনের কোম্পানীর দূরপাল্লার ফোনের কল চার্জ যথাক্রমে এই রকম :

কোম্পানী	রেট (দর)
ইজি অ্যাকসেস কোম্পানী	প্রথম মিনিটে 1 ডলার; তারপরের প্রতি মিনিটে 25 সেন্ট করে
কল হোম	প্রতি মিনিটে 20 সেন্ট
মেট্রো কমিউনিকেশন	প্রথম মিনিটে 3 ডলার; তারপরের প্রতি মিনিটে 15 সেন্ট করে

যে যে প্রশ্নগুলি আমাদের খতিয়ে দেখতে হবে, তা হল :

- প্রতিটি কোম্পানীর জন্য, ৫ মিনিট ব্যাপী, ১৫ মিনিট ব্যাপী ও দুটি ভিন্ন সময়সীমার জন্য কলের চার্জ হিসাব করতে হবে, যার ফল একটি সারণিতে দেখাতে হবে।
- এমন কোনো কোম্পানী আছে কি যাদের পরিষেবা নেওয়াটা সঠিক ? যদি থাকে, তাহলে সেটি কোনটি ? যদি না থাকে, তবে কোন সময়ে আপনারা কোন কোন কোম্পানী ব্যবহার করে সশ্রয় করবেন।

আমরা সারণি ও বীজগাণিতিক নিয়মগুলি দেখে এটিও বুঝতে শিখব কোন সমীকরণগুলির লেখচিত্র সরলরেখা হবে। তারপর সেই সরল রৈখিক লেখচিত্র থেকে, সরলরেখাটির ঢাল ও y অক্ষের ইন্টারসেপ্ট নির্ণয় করতে শিখব।

শব্দাবলী এখানে যে দুটি নতুন শব্দ আমরা শিখব তা হল :

গুণক/সহগ	হার	চলরাশি
প্রবক	ঢাল	বেগ
রৈখিক সম্পর্ক	গতিবেগ	y-ইন্টারসেপ্ট
সমানুপাতিক		

আপনারা বাড়িতে কী করতে পারেন ?

আগামী কিছু সপ্তাহে, আপনার ছাত্র/ছাত্রীরা হয়ত স্কুলের বাইরের জগতে এই রকম রৈখিক সম্পর্ক বিষয়ে উৎসাহী হয়ে উঠতে পারে। একসঙ্গে আপনারা এই রৈখিক সম্পর্ক ব্যবহার করে বিভিন্ন ঘন্টাওয়ারি হারে বেতনের জন্য প্রদেয় টাকা হিসাব করতে পারবেন।